

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
hajj.gov.bd

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-২৩৪/২০১৩- ৪২৫

তারিখ: ০৭ চৈত্র ১৪২৯  
২১ মার্চ ২০২৩

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বেসরকারি ব্যবস্থাপনায় হজ ও ওমরাহ পরিচালনাকারী হিসেবে মাবরুর ট্রাভেল (হ.লা. নং-৯৭৫) এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজ ও ওমরাহযাত্রী প্রেরণের বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। “যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে মো: আনোয়ারুল ইসলাম খান লোহানী, ১৬/১, আর.কে. মিশন রোড, মতিঝিল, ঢাকা কর্তৃক নিম্নরূপভাবে অভিযোগ দাখিল করেছেন;

“হজ পালনের উদ্দেশ্যে গত ২০২০ ইং সালে পর্যায়ক্রমে তিন কিস্তিতে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা সরকার নিবন্ধনকৃত হজ এজেন্ট মাবরুর ট্রাভেলস (হ:লা: নং-৯৭৫)-কে প্রদান করেন। উল্লেখ্য যে, করোনাজনিত কারণে ২০২০-২০২২ ইং পর্যন্ত হজ কার্যক্রম বন্ধ থাকায় এবং বয়সজনিত কারণে তার হজ পালন সম্ভব হয় নাই। চলতি বৎসর বয়সসীমা শিথিল হলেও টাকার পরিমাণ অতিরিক্ত হওয়ায় তার পক্ষে হজ করা সম্ভব নয়। এ বিষয়ে উক্ত এজেন্সি মালিকের সংগে অপারগতা বিষয়টি অবহিত করে তার প্রদেয় টাকা ফেরৎ প্রদানের অনুরোধ করেন। অদ্যাবধি তার টাকা ফেরত না দিয়ে তার সহিত তালবাহনা করছে” এবং

০৪। যেহেতু, আপনি অভিযোগকারীর নিকট হতে ২০২০ সালে হজ পালনের উদ্দেশ্যে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা নিয়েছেন; এবং

০৫। যেহেতু আপনি অভিযোগকারীর অভিযোগমতে প্রদেয় টাকা ফেরত না দিয়ে বিভিন্ন ধরনের তালবাহনা করছেন; এবং

০৬। যেহেতু, এই ধরনের প্রতারণামূলক কার্যক্রমের জন্য হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ধরা ১২(ঠ) এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

০৭। সেহেতু, অভিযোগমতে হজযাত্রীর সাথে প্রতারণামূলক আচরণের জন্য কেন আপনার এজেন্সির বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থা আইন, ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার জবাব আগামী ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

আবুল কাশেম মোহাম্মদ শাহীন  
উপসচিব

ফোন: +৮৮০২-৫৫১০১১১৮  
e-mail:morahajsection@gmail.com

মোহাম্মদ জাকির হোসাইন

স্বত্বাধিকারী

মাবরুর ট্রাভেল (হ.লা. নং-৯৭৫)

২৯১ নং. ফকিরাপুল, জমিদার প্যালেস

(লেভেল-০৬), মতিঝিল, ঢাকা-১০০০

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-২৩৪/২০১৩- ৪২৫

তারিখ: ০৭ চৈত্র ১৪২৯  
২১ মার্চ ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি [www.mora.gov.bd](http://www.mora.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা
৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (নোটিশটি হজের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬. জনাব মোহাম্মদ জাকির হোসাইন, স্বত্বাধিকারী, মাবরুর ট্রাভেল (হ:লা: নং-৯৭৫), ২৯১ নং. ফকিরাপুল, জমিদার প্যালেস (লেভেল-০৬), মতিঝিল, ঢাকা-১০০০।
৭. অফিস কপি

আবুল কাশেম মোহাম্মদ শাহীন  
উপসচিব